

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৮৩

আগরতলা, ১৭ অক্টোবর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জেলায় প্রাণী টিকাকরণ শিবির

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের উদ্যোগে চলতি অর্থ বছরের সেপ্টেম্বর মাস পর্যন্ত জেলার বিভিন্ন এলাকায় প্রাণী টিকাকরণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ১ লক্ষ ৯৬ হাজার ২৯টি গবাদি প্রাণী ও পাখিকে বিভিন্ন রোগ প্রতিরোধক টিকা দেওয়া হয়। এরমধ্যে জেলার মোহনপুর ব্লকের ২৭,৩২২টি, বামুটিয়া ব্লকের ২০,০৪৮টি, হেজামারা ব্লকের ৩৬,৮৩০টি, লেফুঙ্গা ব্লকের ১৩,৯৫০টি, জিরানীয়া ব্লকের ২০,৪২৬টি, পুরাতন আগরতলা ব্লকের ১০,১৩৮টি, ডুকলি ব্লকের ৩৭,৮১১টি, বেলবাড়ি ব্লকের ১৩,৩৩০টি, মান্দাই ব্লকের ১১,৩৩৫টি এবং আগরতলা পুর নিগম এলাকার ৪,৮৩৯টি গবাদি প্রাণী ও পাখির টিকাকরণ করা হয়। জেলা প্রাণী সম্পদ বিকাশ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
